

## স্বাধীনতা দিবস ২০১০

### বাংলাদেশ এসোসিয়েশন অব ডার্ইন

চৌধুরী মো: সদর উদ্দিনঃ এবারে ডার্ইনের ছেট বাংলাদেশী কমুউনিটি আর এক ধাপ সাহস দেখিয়ে পরিবেশন করলো বাংলা গীতি-নাট্য, ‘মায়ের হৃদয়ে স্বাধীনতার আলো’।

বহু সীমান্ততার মাঝে এরকম একটা প্রচেষ্টার জন্য এসোসিয়েশনের সবাইকে জানাচ্ছি প্রাণ ঢালা শুভেচ্ছা। নাট্যাংশে এবং নাচে একগুচ্ছ বর্তমান প্রজন্মের অংশগ্রহণ এই অনুষ্ঠানকে এনে দিয়েছে সার্থকতা। আমার কাছে এটাই মনে হয়েছে সবচেয়ে বড় পাওয়া। আমার মনে এতটুকু সন্দেহ নেই, অংশগ্রহণকারী এই প্রজন্মের সবার মনে এই সূতি জাগ্রত থাকবে সারা জীবন। এরকম একটা অনুষ্ঠানকে সবার



সামনে উপস্থাপনার জন্য সবার আগে যেটা দরকার সেটা হচ্ছে সঠিক পরিকল্পনা, সেক্ষেত্রে সবচেয়ে বেশী বিচক্ষণতার পরিচয় পাওয়া গেছে সীমাবদ্ধ সাধ্যের সঠিক সম্ভব্যবহারের মধ্যে। ফ্লান্টিহীন সময় দিয়ে এমন কাজটি করেছেন এসোসিয়েশনের সাংস্কৃতিক সম্পাদিকা সোফিয়া আলম। ছেট মনিদের দিয়ে ট্রেকের সাথে গান গাওয়ানো বেশ কঠিন, আর সেই কাজটি ধৈর্যের সাথে সম্পন্ন করেছেন হাসিনা মমতাজ। অংশগ্রহণকারী সকলের উৎসাহের কারণে সমস্ত বাধা পার করে অনুষ্ঠানটা করা সম্ভব হয়েছে। আশা করি এসোসিয়েশন ভবিষ্যতেও নতুন প্রজন্মকে এভাবেই দিয়ে যাবে বাংলাদেশের ছোয়া।

